# শারহুল আক্বীদা আত্-ত্বহাবীয়া

বিভাগ/অধ্যায়ঃ ২৮. উপরে উল্লেখিত সব কিছুর উপরই আমরা ঈমান এনেছি এবং দৃঢ় বিশ্বাস স্থাপন করেছি যে, সব কিছুই আল্লাহর পক্ষ হতে আগত (آمَنَّا بِذَلِكَ كُلِّهِ، وَأَيْقَنَّا أَنَّ كُلًّا مِنْ عِنْدِهِ)

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনে আবীল ইয আল-হানাফী (রহিমাহুল্লাহ)

---

উপরে উল্লেখিত সব কিছুর উপরই আমরা ঈমান এনেছি এবং দৃঢ় বিশ্বাস স্থাপন করেছি যে, সব কিছুই আল্লাহর পক্ষ হতে আগত।

ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহ বলেন,

**آمَنَّا بِذَلِكَ كُلِّهِ، وَأَيْقَنَّا أَنَّ كُلًّا مِنْ عِنْدِهِ**

উপরে উল্লেখিত সব কিছুর উপরই আমরা ঈমান এনেছি এবং দৃঢ় বিশ্বাস স্থাপন করেছি যে, সব কিছুই আল্লাহর পক্ষ হতে আগত।

..........................................................

ব্যাখ্যা: ঈমানের বিষয়ে বিস্তারিত আলোচনা সামনে আসবে, ইনশাআল্লাহ। আর ইয়াকীন অর্থ সুদৃঢ় ও স্থির হওয়া। এ শব্দটি আরবদের কথা,

يَقِنَ الْمَاءُ فِي الْحَوْضِ إِذَا اسْتَقَرَّ

“পানি জলাশয়ের মধ্যে স্থির হয়েছে” থেকে নেয়া হয়েছে।

كلا শব্দের মধ্যে যে তানবীন রয়েছে তা بدل إضافي অর্থাৎ مضاف إليه -এর পরিবর্তে এসেছে। মূল বাক্যটি ছিল এরূপ:

كُلُّ كَائِنٍ مُحْدَثٍ مِنْ عِنْدِ اللَّهِ

সব সৃষ্টিজগতের সকল বস্তুই আল্লাহর পক্ষ হতে।

অর্থাৎ তার আদেশ, নির্ধারণ ও ইচ্ছা অনুসারে সৃষ্টি হয়েছে। যথাস্থানে এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনা করা হবে, ইনশাআল্লাহ।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=8904

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন